বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২২১ তারিখঃ ২৪ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৫২ তম কমিশন সভা অদ্য ০৯/১২/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায় সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধি-বিধান ভঙ্গের দায়ে International Securities Company Limited (CSE TREC No. 96) এবং North West Securities Ltd. (CSE TREC No. 19) উভয় প্রতিষ্ঠানকে ০২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০২. কমিশন সভায় Sonali Life Insurance Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ১.৯০ কোটি (এক কোটি নব্বই লক্ষ) সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১৯.০০ (উনিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে সরকারী ট্রেজারী বন্ড, ফিক্সড ডিপোজিট, পুঁজি বাজারে বিনিয়োগ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১শে ডিসেম্বর, ২০১৯ তারিখের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী ছাড়া নেট এ্যাসেট ভ্যালু ২৫.৪৭ টাকা (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) এবং লাইফ ইন্সুরেন্স ফান্ডের পরিমাণ ৯৫.৩৩ কোটি টাকা । কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ICB Capital Management limited ও Agrani Equity & Investment Limited। উল্লেখ্য যে, ইলেকট্রনিক সাবসক্রিপশন সিস্টেম এর মাধ্যমে কোম্পানিটির সাধারণ শেয়ারের চাঁদা গ্রহন শুরুর দিন হতে পূর্ববর্তী পঞ্চম কার্য দিবস শেষে চাঁদা প্রদানে ইচ্ছুক যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের মধ্যে স্বীকৃত পেনশন ফান্ড এবং স্বীকৃত প্রভিডেন্ড ফান্ড এর ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজার মূল্যে ন্যুনতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারী (Eligible Investor) গণের ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজার মূল্যে ন্যুনতম ০১ (এক) কোটি টাকা বিনিয়োগ থাকতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। তবে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে চাঁদা গ্রহণের তারিখ মার্চ, ২০২১ সময়ে নির্ধারিত হবে।

০৩. কমিশন সভায় First Security Islami Bank Limited এর ৬০০ (ছয়শত) কোটি টাকার Unsecured, Contingent-convertible, Floating rate, Mudaraba Perpetual Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। । Perpetual বন্ডটির কুপন হার ৬%-১০%, যা সরকারি আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইন্সুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক ব্যাংক, সংগঠন, ট্রাষ্ট, স্বায়ত্তশাসিত কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে First Security Islami Bank Limited এর Additional Tier-I মূলধন ভিত্তি শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের Trustee হিসাবে Green Delta Insurance Company Limited এবং Arranger হিসাবে City Bank Capital Resources Limited কাজ করছে।

০৪. কমিশন অদ্যকার সভায় Securities and Exchange Rules, 1987 বাতিল করত: জনমত যাচাইপূর্বক Bangladesh Securities and Exchange Commission (Transaction Manners of Stock-Broker or Stock-Dealer, Affairs of the Exchange and Issuer of listed Securities) Rules, 2020 অনুমোদিত হয়।

09-12-2020
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র